গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০১.১১.০০১.১৪- ৩০

তারিখ: ৩০ পৌষ, ১৪২৭ / ১৪ জানুয়ারি, ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ০৮/১১/২০২০খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৩৭৮.২০-৯৮ নম্বর পত্রের সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্বখাতভূক্ত ২য় শ্রেণীর "প্রশাসনিক কর্মকর্তা" পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	রেজি: নং	নিজ জেলা	নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ	স্থায়ী ও বর্তমান ঠিকানা
০১.	০০০৪৮৪	লক্ষ্মীপুর	জনাব তমা রানী দাস পিতা: হারাধন দাস মাতা: লিপি রানী দাস জন্ম তারিখ: ৩১/১২/১৯৮৯খ্রি.	স্থায়ী ও বর্তমান ঠিকানা: গ্রাম: চরসীতা, হোল্ডিং নং-৪৩৬, পো: চরসীতা, উপজেলা: রামগতি, জেলা: লক্ষ্মীপুর

শর্তসমূহ:

(১) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকুরী প্রথম দু'বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে:

(২) শিক্ষানবিসকালে তাঁর চাকুরী সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাঁকে চাকুরী হতে অপসারণ করতে পারবে;

(৩) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

(৪) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থী আগামী ২৭/০১/২০২১খ্রি. তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করবেন। অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৬) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(৭) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়াদি বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৪ মোতাবেক এবং সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে;

(৮) The Government Servants (Conduct) Rules 1979, এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জমা দিতে হবে এবং

(৯) দাখিলকৃত সনদপত্র ভুয়া বা ত্রুটিপূর্ণ প্রমানীত হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪/০১/২০২১

মহ: আব্দুর রশিদ মোল্লাহ
সহকারী সচিব
পরিচিতি নম্বর: ১১৫১৯
ফোন: +৮৮-০২-৯৫৪৫৩০৭
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬
ইমেইল: admin_sec1@mora.gov.bd